# খেয়া


স্থাপিত ঃ ১৯৯২

বালিগঞ্জ জগদ্বন্ধু ইনসটিটিউশন অ্যালমনি অ্যাসোসিয়েশন

রেজি নং S/73377 under WB Act XXVI of 1961

২৫, ফার্ন রোড, কলকাতা - ৭০০ ০১৯



| | | | |
|---|---|---|---|
| e-mail | : jbi.alumni.1914@gmail.com | সভাপতি | : দীপাঞ্জন বসু '৬৪ |
| Website | : www.jagadbandhualumni.com | সাধারণ সম্পাদক | : রজত ঘোষ '৮৫ |
| Facebook | : www.facebook.com/jbialumni | পত্রিকা সম্পাদক | : সুকমল ঘোষ '৬৯ |
| Blog | : http://jagadbandhualumni.com/wordpress/ | | |



RNI No.WBBEN/2010/32438 • Regd.No.:KOL RMS/426/2014-2016

• Vol 05 • Issue 1 • 15 January 2016 • Price Rs. 2.00 •


Re UNION
JAGADBANDHU
• INSTITUTION •
21 february 2016
JBI Alumni Association

## ২০-২১ ফেব্রুয়ারি 'পুনর্মিলন উৎসবে' জগদ্বন্ধু প্রাঙ্গণে দেখা হবে।

## সম্পাদকীয়

যে কোনো মানুষের জীবনে তাঁর বিদ্যালয়ের ভূমিকা মায়ের মতো। মায়ের ঋণ যেমন কোনো মানুষই শোধ করতে পারে না তেমনি প্রতিটি মানুষই তাঁর বিদ্যালয়ের কাছে অপরিশোধ্য ঋণে আবদ্ধ।

প্রতিটি কৃতী মানুষের জীবনেই বিদ্যালয়ের শিক্ষক মহাশয়দের গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে। এই কথাগুলি মানুষ নতুন করে উপলব্ধি করে যখন তাঁর বিদ্যালয়ের পুনর্মিলন উৎসব অনুষ্ঠিত হয়। কিন্তু শুধুই স্মৃতিচারণ নয়, গানে-বাজনা বা মধ্যাহ্নভোজের সুখী মুহূর্ত নয় আরো কিছু বিদ্যালয়কে দেবার একটা অলিখিত নির্দেশ বোধহয় অলক্ষ্যে কাজ করে।

আরো কিছু কী কী - সে সম্বন্ধে আমরা কিছু বলতে চাই না, প্রাক্তনীরা বেশি সংখ্যায় পুনর্মিলন উৎসবে যোগ দিন, তারপর বিদ্যালয় সম্বন্ধে খুঁটিনাটি জেনে নিয়ে সিদ্ধান্ত নিন তাদের কী কী করণীয়।

পুনর্মিলন উৎসব উপলক্ষে অ্যাসোসিয়েশনের মুখপত্র 'খেয়া'র বিশেষ সংখ্যা প্রতিবারের মতো এবারেও প্রকাশিত হতে চলেছে। যাঁরা লেখা দিতে চান তারা এই সংখ্যার জন্য জানুয়ারি মাসের মধ্যে লেখা জমা দিন। শুধুই বিদ্যালয় সম্বন্ধীয় স্মৃতিচারণা নয় আপনার নিজের বিষয়ে স্বল্প পরিসরে লেখা দিতে পারেন।

আমরা সকল প্রাক্তনীদের সক্রিয় সহযোগিতা কামনা করি।

রজত জয়ন্তী বর্ষ উপলক্ষে
কবিতায় ও গানে
**শ্রীজাত**
এক ব্যতিক্রমী সন্ধ্যা
অবনমহল
২০ ফেব্রুয়ারি, সন্ধ্যা ৬.৩০

**এই সংখ্যাটি দীপক মিত্র (১৯৫২) -এর সৌজন্যে মুদ্রিত।**

# চড়ুইভাতি ২০১৬

শ্রী প্রতীপ মুখোপাধ্যায় (১৯৮৫)

প্রাক্তনী কথাটার মধ্যে কোথাও একটা মন-খারাপ-করা অনুভূতি লুকিয়ে থাকে। মনে হয়, যা ছিলাম, এখন আর তা নেই। বাঙালির দৈনন্দিন কথ্যভাষায় 'চড়ুইভাতি' শব্দটা প্রায় লুপ্ত হয়ে এখন সবাই 'পিকনিক' শব্দের ব্যবহারই বেশি করে আর সময়ের সাথে সাথে তার রূপও বদলেছে অনেকটাই। প্রতি বছরের মতো এবারও নতুন ইংরেজি বছরের প্রথম সপ্তাহের প্রথম রবিবার (৩ জানুয়ারি) জগদ্বন্ধুর প্রাক্তনীদের সংগঠনের উদ্যোগে অনুষ্ঠিত হয়ে গেল উক্ত চড়ুইভাতি উৎসব।

যে প্রসঙ্গ ধরে এই লেখার শুরু সেই প্রসঙ্গে ফিরে আসি। বিদ্যালয় মানে ছোটবেলা, শৈশব, কৈশোর আর সেই সব কচি কচি বন্ধুদের মুখ আর রাগী রাগী গুরুকুল। কোথাও কি মনে হয় না, আজও যদি প্রাক্তনী না হয়ে ফিরে যেতে পারতাম সেই ছাত্রাবস্থার দিনগুলোতে।

জগদ্বান্ধব প্রাক্তনীদের প্রয়াসে অনুষ্ঠিত চড়ুইভাতি সেই বার্তাই দিল যে এভাবেও ফিরে পাওয়া যায়। সংগঠনের ঘরে টা সহযোগে চা পানের পর দুটো বাস আর প্রাক্তনীদের নিজস্ব গাড়িতে শুরু হল যাত্রা, গন্তব্য যশোর রোড সংলগ্ন গঙ্গানারায়ণপুরে স্কাউটের কটেজ ও বাগানেঘেরা চড়ুইভাতির জন্য নির্দিষ্টস্থানে। ষাটের দশকের প্রাক্তনী কর্নেল সাহেবের এবং তার বন্ধুদের রসিকতা আর গরম লুচি, ফুলকপির তরকারি, জয়নগরের মোয়া, চা দিয়ে শুরু হলো প্রভাতী আড্ডা। পুরনো বন্ধুদের সাথে দেখা, কারুর চোখে চশমা, কেউ দাড়ি রেখেছে, কারুর লুপ্তকেশ বদলে দিয়েছে চেনা মুখের স্মৃতি। অথচ মজার কথা, শৈশবের সেই কচি মুখগুলো ঠিক রয়েগিয়েছে মনে। পুরনো দিনের স্মৃতি রোমন্থন, গল্পগুজবের মধ্যে হাজির গরম মুর্গি ভাজা, চা। সদ্য প্রাক্তনী ছাত্রদের খেলাধুলা, প্রাক্তনীদের পরিবারও তাদের উত্তরসূরীদের জমায়েত দিনটাকে সময়ের সাথে সাথে নিয়ে যাচ্ছিল এক সীমাহীন আনন্দের দিশায়। গানের তালে খুশির হাওয়ায় পা মেলানো প্রাক্তনীদের আনন্দমেলার সূচীপত্রে লেখা হচ্ছিল অনন্য সব মুহূর্ত। দুপুরের খাওয়া শুরু হল গরম ভাত, ডাল, তরকারি, পারসে মাছের ঝাল, কাতলা মাছের কালিয়া, মুরগির মাংস, চাটনি, মিষ্টি এবং আইসক্রিম সহযোগে। বাঙালির দুপুরের আলস্যে, মজলিশি আড্ডার মাঝে নেমে আসা শীতের বিকেলে গরম কফির সাথে বেজে গেল বিদায়ের বাঁশি, আগামী বছরের এই মিলনমেলার অপেক্ষায়।

সামগ্রিক ভাবে এই মিলনমেলাকে সফল করে তোলার জন্য অভিনন্দন জানাই জগদ্বান্ধব প্রাক্তনীদের সংগঠনকে এবং চড়ুইভাতির আহ্বায়ক শ্রীস্বপন রায়চৌধুরী মহাশয়কে।

এভাবে ফিরে আসা যায়, আবার ফিরব ঠিক ২০১৭ জানুয়ারি মাসের প্রথম রবিবারে নয় কারণ তা ১ জানুয়ারি তাই ৮ জানুয়ারি রবিবার হবে ২০১৭ সালের চড়ুইভাতি।

# মহাকাব্যের আকর হতে

## মহাকাব্যে মামা-ভাগ্নে

(পূর্বপ্রকাশিতের পরবর্তী)

তাই এইবারের পুরাণ পাতায় আমার অনুসন্ধান চলবে, রামায়ণ আর মহাভারতের মধ্যে লুকিয়ে থাকা হরেক-কিসিমের মামা-ভাগ্নের অদ্ভুত সম্পর্কগুলোর উপর। একেবারে মহাকাব্যের আকরে ঢোকার আগে, একটু মামা আর ভাগ্নের সঙ্গে সমসাময়িক আলাপচারিতাটা সেরে নেওয়া যাক। তবে তার আগে বলা দরকার 'মামা-ভাগ্নি' কেন আমি উল্লেখ করলাম না। তার কারণ, এখনও সমাজব্যবস্থা অনেকটাই মাসকুলাইন বলেই সম্ভবত সাহিত্যে বা কথ্যভাষায় বা একান্নবর্তীর ফ্যামিলি ট্রি-তে ভাগ্নি-ভাইঝিরা একটু উপেক্ষিতই রয়ে গেছে। তাই মেয়েদের ব্রত কথা ছাড়া 'উমনো ঝুমনো'র মতো জুটি আর খুব একটা চোখে পড়ে না।

এমনকী বোনেরাই যম দুয়োরে বছরের পর বছর কাঁটা ফেলার প্রার্থনা করলেও, উৎসবের নামটা কিন্তু সেই 'ভাইফোঁটা'-ই রয়ে গেছে। আসলে, ২০১৫তে সেক্টর ফাইভের কোনো শীততাপ নিয়ন্ত্রিত অফিসে দাঁড়ালে হয়তো 'কেলিগ' শব্দটার জেন্ডার আলাদা করে নির্নীত হবে না, কিন্তু আমার আলোচনার স্রোতটা তো সেই প্রাচীনের দিকেই, যেখানে পিতৃতান্ত্রিক সভ্যতাই প্রকট।

'মামা' শব্দটার উচ্চারণটা লক্ষ্য করলেই আমরা দেখব, 'মা'-এর সঙ্গে ভয়ানক মিল। মা আর বাবা এতো সন্তানের নিকটস্থ হলেও ভাষার শুরুতে কিন্তু মা-এর পাশের 'বাবা' মানুষটার ডাক 'মামা' হল না; মায়ের ভাই, যেন বাবার থেকেও সেই শিশুর বেশীর আপন হয়ে, উঠল 'মামা'। তাই বোধহয় 'সূর্য্যি', 'চাঁদ', 'বাঘ' — এরা কেউ দাদা, দাদু, কাকা না হয়ে সব্বাই ছড়ার বইতে মামা-র তকমাই পেয়ে এল চিরকাল! যমের মৃত্যু দূরে এবং ধনঞ্জয়ের মতো জামাই (প্রহরেণ ধনঞ্জয়) নিশ্চয়ই 'আপন' হতে পারে না। কিন্তু মামার কাছে ভাগ্নে সম্ভবত ওই পদভুক্ত নয়। তাই মেয়েরা যতই বিয়ের পর 'শ্বশুরবাড়ি', 'বাপের বাড়ি' যাওয়া আসা, নাতি-নাতনিরা কিন্তু 'দাদুর বাড়ি' বা 'ঠাকুরদার' বাড়ি, কখনো যায়না; তারা সবসময়ই 'মামার বাড়ি' যায়। এমনকী সংস্কৃতেও 'মাতুলালয়'-এ যায়। 'বাড়ি'র আগে 'শ্বশুর' কিম্বা 'বাপ' কথাটি অনেটাই বাড়ির কর্তার কর্তৃত্বের সূচক গম্ভীর একটা আবহ সেখানে 'মামার বাড়ি' হল অনেকটাই শরতের নীল আকাশের মতো মুক্ত মনের হাতছানি... সেই জন্যই সম্ভবত, বাংলা প্রবাদে মামার কাছে ভাগ্না, 'আপনা' না হয়ে উঠতে পারলেও, ভাগ্নের কাছে কিন্তু নেই মামার চাইতে কানা মামাও ভালো! মামার এমন মাহাত্ম্য তাই সাহিত্যেও উপেক্ষিত হয়নি। প্রধানত শিশু-কিশোর সাহিত্যে 'মামার বাড়ি' বার বার বেশ উজ্জ্বল ভাবে ফিরে এসেছে। লীলা মজুমদার বা সঞ্জীব চট্টোপাধ্যায়-এর মতো সাহিত্যিকদের লেখায় তো এমনটা প্রায়শই দেখা যায়। (ক্রমশ)

অঙ্কন মিত্র (২০০২) e-mail : ekomitter@gmail.com




Form No. :

# REGISTRATION FORM

Dear friend,

I would like to register myself for Re-union '16 vide Cash / Cheque No.I ............................................. Dated : ..............................................

Drawn on : .............................................................................................................................................................................................

on payment of ₹ .............................. words......................................................................................................................................

Registration Fee Structure :

₹ **400/- (Rupees Four Hundred only)** for Individual Alumnus

₹ **300/- (Rupees Three Hundred only)** for Individual Alumnus (Those who have passed Madhyamik in 2010 onwards)

₹ **700/- (Rupees Seven Hundred only) for Individual Alumnus with spouse**

Name : .......................................................................................................................................................................................................

Address : ..................................................................................................................................................................................................

Ph (R) : ....................................................... Ph (O) : ............................................. Mob : .......................................................

E-mail : ..................................................................................................... Year of passing (Mat. / SF / HS) ........................................

Occupation : ..............................................................................................................................................................................................

Are you a Member of JBI Alumni Association ? *(Please tick)* : YES ☐ NO ☐

Signature .............................................................................. Date ..............................

A/c. Payee Cheque to be drawn in favour of
**JBI ALUMNI ASSOCIATION**

* *Inclusive of lunch on* ***20 February, 2016*** *and memento.*

**Ballygunge Jagadbandhu Institution Alumni Association**
25, Fern Road, Kolkata - 700 019
Phone : 98305 79230 / 6510 6686
(Office hours : Sun - 11am - 01 pm & Wed 7.30 - 8.30 pm)
email : jbi.alumni.1914@gmail.com

Ballygunge Jagadbandhu Institution Alumni Association
25, Fern Road, Kolkata – 700 019
(Regn. No. S/73377, Regd. Under W.B. Act XXVI of 1961)

Dear friend,

Our association, which was founded in the Year 1992, is approaching towards its silver jubilee. In January 2017 it shall complete its 25th year and therefore January 2016 is marked as the initial foot step into this august ceremony – The Silver Jubilee Year of our Ballygunge Jagadbandhu Institution Alumni Institution. The Reunion' 2016 to be held on February21, 2016 shall naturally be our SILVER JUBILEE REUNION. On this occasion, like previous years we shall endeavour to help more nos. of needy meritorious students to pursue their studies without hindrances. Apart from this we also provide school uniforms (full set), books, stationeries, tuition fees to economically challenged pupils of primary sections of our school.

On behalf of the association, I hereby request you to extend your goodwill and invaluable contribution to help us to make our endeavour a great success.

Thanking you,
Yours sincerely,

**Advertisement Rates**

| | |
|---|---|
| Spl. Page | 2500.00 |
| Full Page | 1500.00 |
| Half Page | 800.00 |
| Qtr Page | 500.00 |
| Inside Front Cover | 20,000.00 |
| Inside Back Cover | 20,000.00 |
| Back Cover | 25,000.00 |
| Digital Print | 10,000.00 |
| Spl. Colour Page | 5,000.00 |
| Banner / Gate | Negotiable |
| Personal advt. (1/5 Page) | @ 200.00 |

Mechanical Data (size) :
Souvenir size : 28 X 20 cm
Full Page : 23 X 17 cm
Half Page :11.5 X 17 cm
Quarter Page : 5.75 X 8.5 cm

- All payments are to be made by A/C payee cheque or demand draft drawn in favour of **"JBI ALUMNI ASSOCIATION"**
- Last date for receiving advertisement text and cheque / DD is January 31, 2016

**For office use only**

Advt No.: ______________________ Sl No.:

Reference :

Batch: Mob No.:

Secretary JBI Reunion '16
**Ballygunge Jagadbandhu Institution Alumni Association**
25, Fern Road, Kolkata – 700019. e-mail : jbi.alumni.1914@gmail.com

Dear Sir,
I/We the undersigned, do hereby contract and agree to use the space noted below for our advertisement in the souvenir of Ballygunge Jagadbandhu Institution Alumni Association being published on the occasion of the 'JBI Alumni Association Silver Jubilee Reunion – 2016'. The advertisement matter is given overleaf or artpull matter is supplied herewith.

Space:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| Back Cover | ☐ | Inside Front Cover | ☐ | Inside Back Cover | ☐ |
| Spl. Colour Page | ☐ | Spl. Page | ☐ | Full Page | ☐ |
| Half Page | ☐ | Qtr. Page | ☐ | Banner / Gate | ☐ |

Cheque / DD No. ________________ on ________________________ dated ____________ and drawn in favour of **JBI ALUMNI ASSOCIATION** is enclosed.

Signature with Office Stamp

Name ______________________________________________
Designation ________________________________________
Telephone (s) ____________________ Mobile _______________ Fax (s) _________
e-mail _____________________________________________

**Matter**

facebook-এ status- দেওয়া বা
twitter- এ টুইট করা তো রইলই, কিন্তু
ছাপাখানার বিকল্প কী ?
প্রিন্ট গ্যালারি
১৮৯এফ/২, কসবা রোড, কলকাতা - ৪২
ফোন : ৯৮৩১ ২৬৩৯৭৬

*Printed & Published by Rajat Ghosh on behalf of owner Ballygunge Jagadbandhu Institution Alumni Association, Printed at Print Gallery, 189F/2 Kasba Rd, Kolkata - 42. 24 Pgs(S). Published at 25, Fern Rd, Kolkata-700 019. Editor's Name : Rajat Ghosh. Address 2L, Garcha 1st Lane, Kolkata-700 019.*